

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪০৭০

৩০/ কলহ-বিপর্যয় - ফিতনা (کتاب الفتن)

পরিচ্ছেদঃ ৩০/৩২. পশ্চিমাকাশ থেকে সূর্যোদয়

بَابِ طُلُوعِ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا

আরবী

حَدَّتَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّتَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى، عَنْ إِسْرَائِيلَ، عَنْ عَاصِم، عَنْ زِرِّ، عَنْ صَفْوَانَ بْنِ عَسَّالٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " إِنَّ مِنْ قِبَلِ مَغْرِبِ الشَّمْسِ بَابًا مَفْتُوحًا عَرْضُهُ سَبْعُونَ سَنَةً فَلاَ يَزَالُ ذَلِكَ الْبَابُ مَفْتُوحًا لِلتَّوْبَةِ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ مِنْ نَحْوِهِ فَإِذَا طَلَعَتْ مِنْ نَحْوِهِ لَمْ يَنْفَعْ نَفْسًا إِيمَانُهَا لَمْ تَكُنْ آمَنَتْ مِنْ قَبْلُ أَوْ كَسَبَتْ فِي إِيمَانِهَا خَيْرًا ".

বাংলা

৩/৪০৭০। সাফওয়ান ইবনে আসসাল (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ পশ্চিম দিকে একটি খোলা দরজা আছে, যার প্রস্থ সত্তর বছরের পথ। পশ্চিম দিক থেকে সূর্য উদিত না হওয়া পর্যন্ত এই দরজা সর্বক্ষণ তওবার জন্য উন্মুক্ত থাকবে। এই দিক থেকে সূয উদিত হওয়ার পূর্বে কোন ব্যক্তি ঈমান না আনলে অথবা ঈমান আনার পর সংকর্ম না করে থাকলে, অতঃপর তার ঈমান আনায় কোন উপকার হবে না।

English

It was narrated from Safwan bin 'Assal that the Messenger of Allah (ﷺ) said: "Towards the west (i.e., the place of the setting of the sun) there is an open door, seventy years wide. That door will remain open for repentance until the sun rises from this direction. When it rises from this direction, faith will not benefit any soul that did not believe before or earn anything good through its faith."

ফুটনোট



তিরমিয়ী ৩৫৩৫, ৩৫৩৬, আত-তালীকুর রাগীব ৪/৭৩। তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী আসিম সম্পর্কে আবু বকর আল-বাযযার বলেন, তিনি হাফিয ছিলেন না। তার হাদিস কেউ বর্জন করেছেন এমন কাউকে পায়নি। আবু জা'ফার আল উকায়লী বলেন, তার স্মৃতিশক্তি দুর্বল ছাড়া তার মাঝে অন্য কোন দোষ পাইনি। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি সিকাহ। ইসমাইল বিন উলাইয়াহ বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে। তার স্মৃতিশক্তি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। মুহাম্মাদ বিন সা'দ বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩০০২, ১৩/৪৭৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন